



ঘোষণাপত্র

মূল্যায়নে তরুণ ও উদীয়মান মূল্যায়নকারীদের অর্থপূর্ণ অংশগ্রহণের আহ্বান

আমরা, বিশ্বব্যাপী মূল্যায়ন সম্প্রদায়ের সদস্যরা, যার মধ্যে সরকার, সংসদ সদস্য, পেশাদার মূল্যায়নের জন্য স্বেচ্ছাসেবী সংস্থা (VOPE), জাতিসংঘের সংস্থা, মূল্যায়নকারী, শিক্ষাবিদ, বেসরকারি খাত এবং উন্নয়ন খাত — সবাই যৌথভাবে,

স্বীকার করি, তরুণ ও উদীয়মান মূল্যায়নকারীরা বিশ্বব্যাপী মূল্যায়ন সংস্কৃতি গঠনে এক সক্রিয় অবদান রাখছেন এবং তারা সমতা ও ন্যায়ের ভিত্তিতে গঠিত একটি টেকসই, অন্তর্ভুক্তিমূলক এবং ন্যায়সঙ্গত বিশ্ব গড়ে তোলার জন্য মূল্যায়নের রূপান্তরমূলক শক্তিকে বহুগুণে বৃদ্ধি করছেন।

আমরা স্বীকার করি, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে সহায়তা করার জন্য, মূল্যায়ন প্রক্রিয়া এবং মূল্যায়নের পক্ষে প্রচারণায় তরুণ এবং উদীয়মান মূল্যায়নকারীদের অর্থপূর্ণ অংশগ্রহণ গড়ে তোলা ও সমর্থন করা আমাদের দায়িত্ব।

আমরা প্রতিশ্রুতি দিচ্ছি, তরুণ ও উদীয়মান মূল্যায়নকারীদের পেশাগত দক্ষতা গড়ে তুলতে পরিকল্পিতভাবে এবং একসঙ্গে কাজ করব।

আমরা অঙ্গীকার করি, যুবদের বৈচিত্র্যকে গুরুত্ব দিয়ে মূল্যায়নের নকশা, বাস্তবায়ন ও ব্যবহার—সব ধাপেই তাদের অংশীদার হিসেবে পাশে থাকব। তরুণদের বাস্তব ও অর্থপূর্ণ অংশগ্রহণ যাতে সত্যিই ঘটে এবং তা আরও বাড়ে, আমরা সেই লক্ষ্যে একসাথে কাজ করব। আর সে জন্য মূল্যায়নের প্রতিটি ধাপে তরুণ ও উদীয়মান মূল্যায়নকারীদের এইসকল ভূমিকায় যুক্ত করা হবে—

- মূল তথ্যদাতা, যারা তথ্য সংগ্রহের সময় নিজের অভিজ্ঞতা ও প্রমাণ প্রদান করবে—বিশেষ গুরুত্ব থাকবে কম-প্রতিনিধিত্বশীল যুবগোষ্ঠীর ওপর।
- সহ-মূল্যায়নকারী, যারা সিনিয়র মূল্যায়ন দলের সদস্যদের সাথে একসাথে মূল্যায়ন পরিচালনা করবেন।
- উপদেষ্টা, যারা মূল্যায়ন প্রক্রিয়ার প্রধান প্রদেয় ফলাফলের বিষয়ে অন্তর্দৃষ্টি ও পরামর্শ প্রদান করবেন।
- সিদ্ধান্তগ্রহণকারী, যারা মূল্যায়নের কমিশনার ও ব্যবস্থাপকদের সাথে যৌথভাবে মূল্যায়ন প্রক্রিয়ায় নেতৃত্ব ও দিকনির্দেশনা প্রদান করবেন।
- ব্যবহার-প্রবক্তা, যারা মূল্যায়নের ফলাফল ব্যবহারের পক্ষে প্রচার ও সহায়তা করবেন।

আমরা স্বীকার করি, তরুণ ও উদীয়মান মূল্যায়নকারীদের অর্থপূর্ণ অংশগ্রহণ একটি চলমান প্রক্রিয়া; সেজন্য, এই প্রক্রিয়াটি নিয়মিত পর্যালোচনা করা ও তা-থেকে শিক্ষা নিয়ে প্রয়োজনীয় পরিবর্তনের জন্য সেই শিক্ষা ব্যবহার করা প্রয়োজন।

আমরা/আমি মূল্যায়নে যুবদের পক্ষে চ্যাম্পিয়ন হওয়ার অঙ্গীকার করছি!

ঘোষণাপত্রে স্বাক্ষর করুন